অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/15/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল ডেল্টা ভেরিয়েন্টের উত্থানের মধ্যে নিউ ইয়র্কবাসীদের সুরক্ষার জন্য সর্বজনীন মাস্কের প্রয়োজনীয়তার সিরিজ ঘোষণা করেছেন

দুই বছর এবং তার বেশি বয়সের শিশু, সমস্ত কর্মী এবং সাক্ষাতপ্রার্থীর জন্য রাজ্য-নিয়ন্ত্রিত শিশু পরিচর্যা ফেসিলিটিগুলতে এখন মুখের আবরণ বাধ্যতামূলক

সকল কর্মচারী এবং বাসিন্দাদের জন্য মাস্ক আবশ্যক করার নির্দেশ শিশু ও পারিবারিক পরিষেবার কার্যালয় (Office of Children and Family Services) দ্বারা পরিচালিত, লাইসেন্সপ্রাপ্ত, প্রত্যয়িত বা অনুমোদিত আবাসিক সমবেত কর্মসূচিগুলিতে

মানসিক স্বাস্থ্য অফিস (Office of Mental Health), নেশা পরিষেবা এবং সহায়তার অফিস (Office of Addiction Services and Supports), উন্নয়নমূলক অক্ষম ব্যক্তিদের জন্য অফিস (Office for People with Developmental Disabilities) এবং অস্থায়ী ও অক্ষমতা সহায়তার অফিস (Office of Temporary and Disability Assistance) দ্বারা লাইসেন্সকৃত বা নিবন্ধিত কর্মসূচীগুলি এবং ফেসিলিটিগুলিকে মাস্ক আবশ্যক করার নির্দেশ দেয়

টিকার স্থিতি নির্বিশেষে মাস্কের প্রয়োজনীয়তা প্রযোজ্য

গভর্নর ক্যাথি হোচুল আজ নিউ ইয়র্কবাসীদের অত্যন্ত সংক্রামক ডেল্টা ভেরিয়েন্ট এবং রাজ্যব্যাপী কোভিড-19 (COVID-19) সংক্রমণের সাম্প্রতিক বৃদ্ধির বিরুদ্ধে নিউ ইয়র্কবাসীদের সুরক্ষার জন্য পরিকল্পিত একটি সার্বজনীন মাস্কের আবশ্যকতার সিরিজের কথা ঘোষণা করেছেন।

এই আবশ্যকতা নিউ ইয়র্ক স্টেট অফিস অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিশেষ (New York State Office of Children and Family Services)দ্বারা লাইসেন্সকৃত এবং নিবন্ধিত শিশু পরিচর্যা কেন্দ্র, গৃহ-ভিত্তিক গোষ্ঠী পরিবার এবং পারিবারিক শিশু পরিচর্যা কর্মসূচী, স্কুল-পরবর্তী শিশু পরিচর্যা কর্মসূচী এবং নিবন্ধিত কাজের সময়ের আইনত ছাড়প্রাপ্ত দলগত কর্মসূচীগুলির ক্ষেত্রে প্রযোজ্য। শিশু পরিচর্যা কর্মসূচীগুলিতে মাস্ক সংক্রান্ত বিধি বাস্তবায়ন করলে তা শিশু পরিচর্যা কর্মসূচীর শিশু এবং স্কুলের শিশুদের মধ্যে সামঞ্জস্যতা প্রদান করবে, যাদের মধ্যে অনেকেই প্রায়ই একই ভবন শেয়ার করে।

নতুন মাস্কিংয়ের প্রয়োজনীয়তাগুলি সেই সকল সমবেত কর্মসূচী এবং ফেসিলীটিগুলিতে প্রযোজ্য হবে যেগুলির লাইসেন্স, নিবন্ধীকরণ, পরিচালনা, প্রত্যয়ন বা অনুমোদন মানসিক স্বাস্থের অফিস, আসক্তি পরিষেবা ও সহায়তার অফিস, উন্নয়নমূলক অক্ষমতা সহ মানুষদের অফিস, শিশু ও পরিবার পরিষেবার অফিস এবং অস্থায়ী এবং অক্ষমতা সংক্রান্ত সহায়তার অফিসের দ্বারা করা হয়েছে। এর মধ্যে রয়েছে কিন্তু তাতেই সীমিত নয়, প্রত্যয়িত আবাসিক ও দিবসকালীন কর্মসূচি, ইনপেশেন্ট এবং বহির্বিভাগীয় মানসিক স্বাস্থ্যের ফেসিলিটিগুলি, পদার্থ অপব্যবহারের কর্মসূচীগুলি, কিশোর-কিশোরীদের আটক রাখার কর্মসূচীগুলি, কিশোর-কিশোরীদের আবাসিক ফেসিলিটিগুলি, সমবেত পালিত পরিচর্যার কর্মসূচিগুলি, পলাতক ও গৃহহীন তরুণ-তরুণী, গার্হস্থ্য সহিংসতা এবং অন্যান্য আশ্রয় সংক্রান্ত কর্মসূচিগুলি। এই প্রয়োজনীয়তাগুলি টিকা দেওয়ার অবস্থা নির্বিশেষে, মাস্ক পরা সহ্য করতে সক্ষম যে কোনও ব্যক্তির জন্য প্রযোজ্য।

"ডেল্টা ভেরিয়েন্টের বৃদ্ধির সাথে সাথে, রাজ্য-নিয়ন্ত্রিত শিশু পরিচর্যা, মানসিক স্বাস্থ্য এবং পদার্থের অপব্যবহারের সুবিধাগুলিতে মাস্কের প্রয়োজন ভাইরাসের বিস্তারকে ধীর করার, আমাদের অর্থনীতি নিরাপদে পুনরায় চালু করার এবং আমাদের জনসংখ্যার দুর্বল সদস্যদের সুরক্ষার জন্য আমাদের বিস্তৃত কৌশলের একটি গুরুত্বপূর্ণ অংশ," **গভর্নর হোচুল বলেন।** "12 বছরের কম বয়সী শিশুদের জন্য যারা এখনও টিকা নেওয়ার যোগ্য নন, মাস্কগুলি কোভিড-19 সংক্রমণের বিরুদ্ধে প্রতিরক্ষার সর্বোত্তম পথ। এই নতুন মাস্কের আবশ্যকতা নিশ্চিত করে যে আমাদের শিশু পরিচর্যার সুবিধাগুলির শিশুরা আমাদের স্কুলের শিশুদের মতো একই সুরক্ষা পায়।"

শিশু পরিচর্যা ফেসিলিটিগুলিতে নতুন মাস্কের আবশ্যকতা নিউ ইয়র্ক রাজ্যকে জুলাই মাসে জারি করা ফেডারেল সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশনের (Centers for Disease Control and Prevention) নির্দেশিকার সাথে অনুবর্তী করেছে যা দুই বছর বা তার বেশি বয়সীদের জন্য সার্বজনীন অভ্যন্তরীণ মাস্কিং সুপারিশ করে যাঁরা কোভিড-19 এর বিরুদ্ধে টিকা নেননি এবং চিকিৎসাগতভাবে একটি মাস্ক পরতে সক্ষম। এটি শিশু পরিচর্যার ফেসিলিটিগুলিকে গভর্নর হোচুলের অফিসের প্রথম দিনে ঘোষিত স্কুল মাস্কিংয়ের আবশ্যকতার সাথে সামঞ্জস্যপূর্ণ করে।

যেহেতু ডেল্টা ভেরিয়েন্টটি অত্যন্ত সংক্রামক, তাই সব বয়সের গোষ্ঠীর ক্ষেত্রেই ব্যাপক বৃদ্ধি ঘটেছে। যেহেতু 12 বছরের কম বয়সী শিশুরা এখনও টিকা গ্রহণের যোগ্য নয়, তাই শিশুদের ক্ষেত্রে কেশগুলির বড় ধরনের বৃদ্ধি ঘটেছে, যার ফলে গুরুতর কেসের সংখ্যায় বৃদ্ধি এসেছে। এই গুরুত্বপূর্ণ সময়ে নিউ ইয়র্কের শিশুদের নিরাপদ রাখতে অতিরিক্ত সুরক্ষার ব্যবস্থা সাহায্য করবে।

অফিস অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেসের (Office of Children and Family Services, OCFS) কমিশনার শীলা জে. পুল বলেন, "আমরা অনেক অভিভাবক এবং সমবেত পরিবেশের আবাসিকদের কাছে শুনেছি যে রাজ্য মাস্কিং আবশ্যক করুক কারণ শিশু পরিচর্যা এবং সমবেত আবাসিক কর্মসূচিগুলি তা আবশ্যক করবে না রাজ্য তা বাধ্যতামূলক না করলে। আমরা শিশু পরিচর্যা কর্মসূচীগুলির সকল শিশু এবং কর্মীদের, এবং তার সাথে সমবেত আবাসিক কর্মসূচীগুলির কর্মী এবং আবাসিকদের সংক্রমণের বিস্তার থেকে নিরাপদ রাখতে চাই এবং একটি মাস্ক পরা আমাদের সব চেয়ে ভালো হাতিয়ার। শিশুরা তাদের আশেপাশের প্রাপ্তবয়স্কদের মতো হতে চায় এবং সহজেই মুখোশ পরার প্রয়োজনীয়তার সাথে মানিয়ে নিতে পারবে।"

অফিস অফ মেন্টাল হেলথের (Office Of Mental Health, OMH) কমিশনার ড: অ্যান সুলিভান বলেন, "এটা স্পষ্ট যে মাস্ক সংক্রমণের বিস্তার নিয়ন্ত্রণ ও প্রতিরোধ করতে সাহায্য করে। কোভিড-19 সংকটের শুরু থেকে, OMH আমাদের রাজ্য পরিচালিত ফেসিলিটিগুলি এবং ক্লিনিকের এবং টার সাথে সম্প্রদায়-ভিত্তিক মানসিক স্বাস্থ্যসেবা প্রদানকারীদের জন্য মাস্ক এবং অন্যান্য সুরক্ষামূলক ব্যবস্থা অবলম্বনের জন্য সুপারিশ করে এবং উৎসাহিত করে নির্দেশিকা জারি করেছে। আমি খুবই আনন্দিত যে গভর্নর হোচুল মাস্কের প্রয়োজনীয়তা প্রতিষ্ঠা করতে ও শক্তিশালী করতে এই পদক্ষেপ নিয়েছেন যা স্বাস্থ্যসেবা কর্মী, আমাদের রোগী এবং মক্কেলদের, এবং আমাদের সম্প্রদায়গুলিকে কোভিড-19 থেকে রক্ষা করবে।"

অফিস অফ অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টসের (Office of Addiction Services and Supports, OASAS) কমিশনার আর্লিন গঞ্জালেজ-সানচেজ বলেন, "সব চেয়ে নিরাপদ পরিবেশে উচ্চমানের পদার্থ ব্যবহারের চিকিৎসা প্রদান করা সব সময় OASAS-এর কাজের অগ্রভাগে রয়েছে, বিশেষ করে করোনাভাইরাস মহামারীর সময়। এই মাস্কের প্রয়োজনীয়তাগুলি নিশ্চিত করবে যে যারা আমাদের পরিচর্যায় আছেন তারা নিজেদের স্বাস্থ্য এবং সুস্থতার দিকে মনোনিবেশ করতে সক্ষম হবেন এবং তার সাথে নিজেদের ও অন্যদের কোভিড-19 থেকে রক্ষা করবেন।"

অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজের (Office for People With Developmental Disabilities, OPWDD) কমিশনার থিওডোর কাস্টনার, MS, MD বলেন, "আমরা যাদের সমর্থন করি তাদের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করা আমাদের সব চেয়ে বড় অগ্রাধিকার এবং যারা মাস্ক পরা সহ্য করতে পারেন তাদের জন্য সার্বজনীন মাস্কিংয়ের আহ্বান জানিয়ে গভর্নর হোচুল এই লক্ষ্য অর্জনের প্রতি তার অব্যাহত অঙ্গীকারবদ্ধতা প্রদর্শন করেছেন। যখন আমরা কর্মীদের নিজেদের, তাদের প্রিয়জন এবং যাদের আমরা সমর্থন করি তাদের সুরক্ষিত রাখার জন্য টিকা নিয়ে উৎসাহিত করতে থাকি, তখন আমাদের সব চেয়ে ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদের গুরুতর অসুস্থতা বা এমনকি কোভিড-19 ভাইরাসের কারণে মৃত্যু থেকে সুরক্ষিত রাখতে মাস্কিং এবং অন্যান্য সংক্রমণ নিয়ন্ত্রণ প্রোটোকলের মতো সুরক্ষা ব্যবস্থা অনুসরণ করাও গুরুত্বপূর্ণ।"

অফিস অফ টেম্পরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্ট্যানসের (Office Of Temporary And Disability Assistance, OTDA) কমিশনার মাইক হেন বলেন, "আমরা আমাদের রাজ্যকে এমন সময়ে ফিরে যেতে দিতে পারি না যখন করোনাভাইরাস আমাদের সম্প্রদায়ের মধ্যে প্রায় অবাধ ছড়িয়ে পরেছিল। বিজ্ঞান এখানে স্পষ্ট: অত্যন্ত সংক্রামক ডেল্টা ভেরিয়েন্ট সহ এই ভাইরাসের বিস্তার উল্লেখযোগ্যভাবে কমাতে মাস্ক পরা একটি সহজ, নজর-না-কাড়া উপায়। চলমান মহামারীর বিরুদ্ধে লড়াই করার জন্য এবং রাজ্য কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত বা নিবন্ধিত সব ফেসিলিটিগুলি তারা যে মানুষদের পরিষেবা প্রদান করে তাদের নিরাপদ রাখতে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করছে তা নিশ্চিত করার জন্য গভর্নর হোচুলের সাধারণ বুদ্ধির পদ্ধতি অবলম্বন করার জন্য তাকে সাধুবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন